

সাধারণ পণ্য

নিরাপত্তা: পদ্ধতিসমূহ

উৎপাদনকারী, আমদানীকারী ও নিজস্ব-ব্র্যান্ডারদের জন্য
জেনারেল প্রডাক্ট সেফটি রেগুলেশনস ২০০৫ এর অধীনে
শর্তাবলী

এই নির্দেশিকায়

- পণ্য নিরাপত্তা
- একটি নিরাপদ পণ্যকে সংজ্ঞায়িত করা
- নিরাপত্তা মূল্যায়নের জন্য একটি ফ্রেমওয়ার্ক
- উৎপাদকের বাধ্যবাধকতা
- কর্তৃপক্ষ কর্তৃক আইন প্রয়োগের পদক্ষেপ
 - সাসপেনশন নোটিশ
 - মার্কিং দেওয়ার শর্ত / সর্তকতামূলক বার্তা দেওয়ার শর্ত
 - প্রত্যাহারের নোটিশ
 - ফেরত নেওয়ার নোটিশ
 - ফরফিট ও ধ্বংস
- বিতরণকারীর বাধ্যবাধকতা
- ট্রেডিং স্ট্যান্ডার্ডস
- গুরুত্বপূর্ণ আইন

বিশেষ দ্রষ্টব্য: যদিও ইউনাইটেড কিংডম ইউরোপিয়ান ইউনিয়ন থেকে বের হয়ে
গিয়েছে, তবুও কিছু আইন (আনুষ্ঠানিকভাবে 'রিটেইনড ইইউ ল' হিসেবে পরিচিত)
এখনো প্রয়োগ হবে যতদিন পর্যন্ত না সেগুলো ইউকে আইন দ্বারা প্রতিস্থাপিত হবে; এর
অর্থ হচ্ছে আপনি আমাদের নির্দেশিকাতে এখনো ইইউ রেগুলেশনের উল্লেখ দেখতে
পাবেন।

এই নির্দেশিকাটি হচ্ছে ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলসের জন্য

ভোক্তা পণ্য অবশ্যই নিরাপদ হতে হবে। মানদণ্ড প্রয়োগ করে নিরাপত্তা মূল্যায়ন করা যায়; যদি কোনো পণ্য একটি নির্ধারিত মানদণ্ড* পূরণ করে তাহলে এটিকে আপনা আপনি নিরাপদ বলে ধরে নেওয়া হয়। এটিকে বলা হয় প্রিজাম্পশন অব কনফরমিটি।

[*‘নির্ধারিত মানদণ্ড’ যেগুলো সেক্রেটারি অব স্টেট দ্বারা অনুমোদিত ও ব্রিটিশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন (বিএসআই) দ্বারা প্রকাশিত।]

জেনারেল প্রডাক্ট সেফটি রেগুলেশন ২০০৫ (জিপিএসআর) কিছু সুনির্দিষ্ট নিয়ন্ত্রণ প্রয়োগের মাধ্যমে ভোক্তা পণ্যের নিরাপত্তা নিশ্চিত করার মূল ভিত্তিটি প্রদান করে। এগুলো নিশ্চিত করে যে ভোক্তারা স্বাভাবিক ও যুক্তিসঙ্গতভাবে অনুমেয় উপায়ে ব্যবহার করার জন্য অভিপ্রেত বা করার সম্ভাবনা আছে এমন সকল পণ্য নিরাপদ।

ভোক্তা পণ্যের উৎপাদক, নিজস্ব-ব্র্যান্ডার বা আমদানীকারক হিসেবে (সবগুলোকে রেগুলেশনটির অধীনে ‘উৎপাদক’ হিসেবে চিহ্নিত করা হয়েছে) আপনার সুনির্দিষ্ট কিছু বাধ্যবাধকতা আছে, যার মাঝে রয়েছে ট্রেসেবিলিটি ও পর্যবেক্ষণের শর্ত।

পণ্য নিরাপত্তা

যেখানে একটি পণ্য ইতিমধ্যে বিদ্যমান অন্য রেগুলেশনের অধীন (যেমন, খেলনা) তাহলে সেই রেগুলেশনগুলো সেই পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে; জিপিএসআর কোনো পণ্যের নিরাপত্তার ক্ষেত্রে প্রয়োগ হবে না যেখানে এটির নিরাপত্তা সকল ক্ষেত্রে ইউকে আইনের সুনির্দিষ্ট বিধান রয়েছে। যার ফলে, সেগুলো রেগুলেশনের এক ধরণের ‘মপ-আপ’ সেট হিসেবে পরিচালিত হয়।

কিন্তু, সেগুলো খেলনা ও ইলেকট্রিক যন্ত্রপাতিসহ সমস্ত সেকন্ড-হ্যান্ড ভোক্তা পণ্যের ক্ষেত্রে প্রয়োগ হয়।

জিপিএসআর প্রয়োগ হবে যেখানে সেগুলো বিদ্যমান রেগুলেশনের চাইতে নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে সুনির্দিষ্ট দিক এবং উৎপাদকের বাধ্যবাধকতার মাত্রার ক্ষেত্রে অধিকতর। সকল পণ্য যেগুলো ভোক্তার ব্যবহার করার সম্ভাবনা রয়েছে (এমনকি তাঁদের জন্য অভিপ্রেত না হলেও) সেগুলোর ক্ষেত্রে জিপিএসআর প্রয়োগ হয় যেগুলো সরবরাহ করা হয় বা উপলভ্য করা হয়; পরীক্ষাটি হবে একজন ভোক্তা কোনো চ্যালেঞ্জ ছাড়া পণ্যটি কিনতে পারেন কি না। এর মাঝে অন্তর্ভুক্ত রয়েছে কোনো পণ্য যখন জিমের যন্ত্রপাতি যা জিমে ব্যবহারের জন্য, কোনো রেস্টুরেন্টে ব্যবহারের জন্য প্রদত্ত হাই চেয়ার এবং শপারদের ব্যবহারের জন্য ট্রলির মত পরিষেবার সময়

ভোক্তার কাছে তাদের নিজেদের ব্যবহার জন্য প্রাপ্তিসাধ্য করা হয়। সেক্টর-নির্দিষ্ট ল’য়ের মতো জিপিএসআর ইউকেসিএ মার্কিং-এর অনুমতি দেয় না (অন্য ভাবে বললে,

ইউকেসিএ মার্ক এমন কোনো পণ্যে বসানো যাবে না যেটিতে এটির প্রয়োজন নেই); কিন্তু, জিপিএসআর অনুযায়ী উৎপাদন ও বিতরণকারীদের কেবলমাত্র নিরাপদ পণ্য সরবরাহ করতে হবে।

নিম্নলিখিত ভোক্তাপণ্যগুলো জিপিএসআরের অধীনে পড়বে:

- শিশুদের জিনিস, যেমন কট, প্র্যাম, হাই চেয়ার, বাস্ক বেডস
- বাইসাইকেল
- গৃহস্থালী পণ্য, যেমন ক্রুকারি, কাটলারি, কুकिং ইউটেনসিলস
- গার্ডেনিং টুলস
- আসবাবপত্র ও সফট আসবাবপত্র
- কাপড়
- মোমবাতি ও অন্যান্য অলঙ্করণ
- হবি ও আর্ট বিষয়ক সামগ্রী

যদি জিপিএসআরের অধীনে নিরাপত্তার কোনো দিক পণ্যের নিজস্ব সেক্টর-নির্দিষ্ট রেগুলেশনে পূরণ না হয় – যেমন কসমেটিকস পণ্যের প্যাকেজিং – তাহলে জিপিএসআরের শর্তও প্রয়োগ হবে।

রেগুলেশনটির আওতায় সেসকল পণ্যও পড়ে যেগুলো মূলত পেশাদারী ব্যবহারের জন্য ডিজাইন করা হয়েছিল এবং অভিপ্রেত ছিল কিন্তু পরবর্তীতে ভোক্তা বাজারে চলে যায় (যেমন কিছু পাওয়ার টুলস)। যেখানে একজন ভোক্তা পেশাদারী পণ্য পেতে পারেন, সেগুলোকে 'ভোক্তা পণ্য হিসেবে' গণ্য করতে হবে।

যেখানে এটি যুক্তিসঙ্গতভাবে অনুমেয় যে একটি পেশাদারী পণ্য ভোক্তা বাজারে চলে যেতে পারে (অভিপ্রেত হোক বা না হোক) সেক্ষেত্রে ভোক্তা ব্যবহারের যথাযথ নির্দেশনা এবং যেসকল ঝুঁকি স্পষ্টত প্রতীয়মান নয় সেগুলোর ক্ষেত্রে অবশ্যই সতর্কতা প্রদান করতে হবে। কিন্তু, যেখানে কোনো পণ্য কখনোই ভোক্তার ব্যবহারের জন্য নিরাপদ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে উৎপাদকদের পণ্যটির বাজারজাতকরণ ও সরবরাহ কঠোরভাবে নিয়ন্ত্রিত নিশ্চিত করতে এমন পদক্ষেপ গ্রহণ করতে হবে যেগুলো যুক্তিসঙ্গত ও প্রয়োজনীয়। একটি পণ্যে 'for professional use only' [কেবলমাত্র পেশাদারী ব্যবহারের জন্য] (বা এই ধরণের) লেবেল লাগানো নিজে থেকেই যথেষ্ট হওয়ার সম্ভাবনা কম, যেমন, এটি কেবলমাত্র একটি কঠোর 'ট্রেড অনলি' আউটলেট থেকে কেনা যেতে পারে।

[উপরে ফেরত যান](#)

একটি নিরাপদ পণ্য সংজ্ঞায়িত করা

একটি নিরাপদ পণ্য হচ্ছে সেটি যেটি কারো উপর অপ্রয়োজনীয় ঝুঁকি সৃষ্টি করে না যখন পণ্যটি এটির স্বাভাবিক ও যুক্তিসঙ্গতভাবে অনুমেয় উপায়ে ব্যবহার করা হয়। পণ্যের নিরাপত্তা মূল্যায়নে, আপনাকে অবশ্যই বিবেচনায় নিতে হবে (অন্যান্য জিনিসের মধ্যে):

- প্যাকেজিং, সাথে থাকা সকল নির্দেশনা ও অন্যান্য লেবেলিং
- অন্য পণ্যের উপর পণ্যটির প্রভাব যেটির সাথে এটি অনুমেয়ভাবে ব্যবহৃত হতে পারে
- কোনো নির্দিষ্ট শ্রেণীর মানুষের বিশেষ চাহিদা, বিশেষত শিশুরা

উপরে ফেরত যান

নিরাপত্তা মূল্যায়নের জন্য একটি ফ্রেমওয়ার্ক

একটি পণ্যের নিরাপত্তা যখন মূল্যায়ন করা হয় তখন যে 'ক্রম' বিবেচনায় নিতে হবে তা রেগুলেশনটিতে উল্লেখ আছে।

রেগুলেশনটি একটি 'প্রিজাম্বশন অব কমফরমিটির' কথা বলে: "যেখানে একটি পণ্য ইউনাইটেড কিংডমের একটি স্বেচ্ছাপ্রবৃত্ত জাতীয় মানদণ্ড মেনে চলে যেটি ইউরোপিয়ান মানদণ্ডকে প্রয়োগ করে ... সেক্ষেত্রে জাতীয় মানদণ্ডে যে ঝুঁকিগুলো ও ঝুঁকির শ্রেণীগুলো উল্লেখ আছে সেগুলোর ক্ষেত্রে পণ্যটি একটি নিরাপদ পণ্য হিসেবে ধরে নেওয়া হবে"।

এই মানদণ্ডগুলোকে 'নির্ধারিত' হিসেবে উল্লেখ করা হয়, একটি উদাহরণ হচ্ছে বিএস ইএন ১৪৬৮২: *শিশুদের কাপড়ের নিরাপত্তা। শিশুদের কাপড়ে দড়ি বা ড্রস্ট্রিং। স্পেসিফিকেশন।* এগুলো একটি প্রিজাম্বশন অব কমফরমিটি দেয়।

যেখানে কোনো প্রকাশিত মানদণ্ড একটি প্রকাশিত প্রিজাম্বশন অব কমফরমিটি দেয় না, তখন পণ্যটির নিরাপত্তা মূল্যায়ন করা হবে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে:

- স্বেচ্ছাপ্রবৃত্ত ইউরোপিয় মানদণ্ড বা ইউকেতে করা মানদণ্ড
- ভালো চর্চার ইন্ডাস্ট্রি কোড
- স্টেট অব দ্য আর্ট ও প্রযুক্তি
- নিরাপত্তার ব্যাপারে যুক্তিসঙ্গত ভোক্তা প্রত্যাশা

নির্ধারিত মানদণ্ডের সংশোধন, এবং প্রযুক্তিগত ও নিরাপত্তা উন্নয়নের মতো বিষয় যেগুলো তাঁদের ব্যবসার সাথে সংশ্লিষ্ট সেগুলোর বিষয়ে উৎপাদকদের অবহিত থাকতে হবে।

সবশেষে, রেগুলেশনের 'নিরাপত্তার ব্যাপারে যুক্তিসঙ্গত ভোক্তা প্রত্যাশা' অনুযায়ী কিছু পর্যায়ের ঝুঁকি মূল্যায়ন ও মানের ব্যবস্থা রাখতে হবে যাতে এটি নিশ্চিত করা যায় যে পণ্যগুলো স্পেসিফিকেশন মেনে তৈরি করা হয়েছে।

উপরে ফেরত যান

উৎপাদকের বাধ্যবাধকতা

উৎপাদকের মূল বাধ্যবাধকতা হচ্ছে একটি নিরাপদ পণ্য সরবরাহ করা।

উৎপাদক হিসেবে আপনাকে অবশ্যই ভোক্তাদের কাছে সংশ্লিষ্ট তথ্যও প্রদান করতে হবে যেন তারা সক্ষম হন:

- একটি পণ্য ব্যবহারের পুরো সময়কালে কোনো পণ্যের সহজাত ঝুঁকি মূল্যায়ন করতে (যেখানে এমন ঝুঁকি স্পষ্টত প্রতীয়মান নয়)
- সেসব ঝুঁকির ব্যাপারে সাবধানতা অবলম্বন করতে

এর অর্থ হচ্ছে পরিষ্কার, পাঠযোগ্য, দীর্ঘস্থায়ী সতর্কতা ও নির্দেশনা।

উৎপাদকদের অবশ্যই ট্রেসেবিলিটির সুযোগ দিতে হবে পণ্য বা সেটির প্যাকেজিং-এ নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করে:

- উৎপাদকের নাম ও ঠিকানা
- পণ্যের রেফারেন্স বা প্রযোজ্য হলে পণ্যটির ব্যাচ

এছাড়াও, পণ্যটি যে ঝুঁকিগুলো সৃষ্টি করতে পারে সেগুলো সম্পর্কে আপনাকে সক্ষম করতে আপনার উচিত:

- বাজারজাত করা পণ্যের নমুনা যাচাই করা ও পরীক্ষা করা
- তদন্ত করা এবং প্রয়োজন হলে পণ্যের নিরাপত্তার ব্যাপারে অভিযোগের একটি রেজিস্টার রাখা
- বিতরণকারীদের এই ধরনের পর্যবেক্ষণের ফলাফল সম্পর্কে অবগত রাখুন যেখানে পণ্যটি কোনো ঝুঁকি সৃষ্টি করে বা করতে পারে

ভালো চর্চার উদাহরণ পাওয়া যাবে: '[পণ্যের নিরাপত্তা: ডিউ ডিলিজেন্স](#)'।

যে পর্যবেক্ষণ করা হয়েছে তার ফলস্বরূপ, যেখানে আপনি আবিষ্কার করবেন যে আপনি যে পণ্যটি বাজারে ছাড়তে যাচ্ছেন বা ইতিমধ্যে সরবরাহ করেছেন সেগুলো গ্রাহকের জন্য ঝুঁকি সৃষ্টি করে এবং অনিরাপদ, সেক্ষেত্রে আপনাকে সাথে সাথে, লিখিতভাবে, আপনার স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসকে জানাতে হবে:

- সেই তথ্য
- ভোক্তার উপর ঝুঁকি প্রতিহত করতে গৃহীত পদক্ষেপ
- এটি যে সকল ব্যবসা প্রতিষ্ঠানের কাছে সরবরাহ করা হয়েছে সেগুলোর পরিচিতি

গুরুতর ঝুঁকির ক্ষেত্রে নোটিফিকেশনটিতে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:

- পণ্য বা পণ্যের ব্যাচ সুনির্দিষ্ট সনাক্তকরণ সক্ষম করার তথ্য
- পণ্যটি যে ঝুঁকি সৃষ্টি করে তার একটি পূর্ণ বিবরণ
- পণ্যটি ট্র্যাক করার ব্যাপারে প্রাপ্য সকল তথ্য
- ভোক্তার উপর ঝুঁকি প্রতিহত করতে গৃহীত সকল পদক্ষেপের একটি বর্ণনা

নোটিফিকেশন সম্পন্ন করার পর কর্তৃপক্ষ ঝুঁকিটি সরিয়ে নেওয়ার জন্য পদক্ষেপগুলোর ব্যাপারে পরামর্শ দেবে এবং আপনার সাথে কাজ করবে।

ঝুঁকি মূল্যায়ন হচ্ছে বিপদ চিহ্নিত ও মূল্যায়ন করার একটি প্রক্রিয়া, যেটিতে তিনটি ধাপ থাকে:

- অন্তর্নিহিত বিপদ চিহ্নিত করা এবং নির্ধারণ করা যে এটি কতটা গুরুতর (আঘাতের সিনারিও)
- জখমের সম্ভাব্যতা নির্ধারণ
- ঝুঁকি নির্ধারণের জন্য বিপদটির সাথে সম্ভাব্যতা মিশ্রণ

মডেলটি ব্যবহার করে সৃষ্ট ঝুঁকি হতে পরে 'গুরুতর', 'উচ্চ', 'মধ্যম' বা 'নিম্ন'।

ঝুঁকি মূল্যায়নে সহযোগিতা করতে ইউরোপিয়ান কমিশন 'ভোক্তা পণ্যের ক্ষেত্রে ঝুঁকি মূল্যায়ন নির্দেশিকা' প্রস্তুত করেছে যেটি পাওয়া যাবে অ্যানেক্স টু ডিসিশন (ইইউ) ২০১৯ / ৪১৭ ইউরোপিয়ান ইউনিয়নের র‍্যাপিড ইনফরমেশন সিস্টেম "র‍্যাপেক্স" এর ব্যবস্থাপনার ব্যাপারে নির্দেশনা (নিচে 'গুরুত্বপূর্ণ আইন'-এ লিংক দেখুন)। অন্য ঝুঁকি মূল্যায়ন মডেলও রয়েছে যেগুলো ব্যবহার করা যাবে, এবং বিএসআই (ব্রিটিশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন)-এর কোড অব প্র্যাকটিস ডকুমেন্ট পিএএস ৭১০০-তে আরো নির্দেশনা পাওয়া যাবে (নিচে 'রিকল নোটিসেস' দেখুন)।

জিপিএসআরের অধীনে এসকল বাধ্যবাধকতা পূরণ না করা একটি অপরাধ।

[উপরে ফেরত যান](#)

কর্তৃপক্ষ কর্তৃক এনফোর্সমেন্ট

যেখানে উৎপাদকেরা এই রেগুলেশনগুলোর অধীনে তাঁদের বাধ্যবাধকতা পূরণ করেননি, এনফোর্সমেন্ট কর্তৃপক্ষগুলোর কাছে বিভিন্ন ধরনের প্রক্রিয়া রয়েছে যেগুলো

প্রয়োগ করা যাবে ভোক্তা নিরাপত্তার ঝুঁকিগুলো দূরে করতে। এগুলোকে বলা হয় সেফটি নোটিশ। এগুলো কেবলমাত্র তখনই ব্যবহার করা হয় যখন স্বেচ্ছাপ্রবৃত্ত পদক্ষেপ ঝুঁকিটি দূর করে না।

সকল সংশ্লিষ্ট পক্ষকে অবশ্যই, যখনই সম্ভব, সুযোগ দিতে হবে কোনো প্রক্রিয়া প্রয়োগের আগে তাঁদের মত জানানোর।

গৃহীত প্রক্রিয়াগুলো ঝুঁকির গুরুতরতার সাথে আনুপাতিক হবে।

সাসপেনশন নোটিশ

যেখানে কোনো রেগুলেশনের ব্যত্যয় ঘটে, এই নোটিশগুলো সাময়িকভাবে কোনো পণ্য বাজারে ছাড়া বা সরবরাহ করা নিষিদ্ধ করে যখন পরীক্ষা করা হয় এবং ফলাফলের অপেক্ষা করা হয়।

মার্ক করার শর্ত / সতর্ক করার শর্ত

এই ক্ষমতাগুলো একটি এনফোর্সমেন্ট কর্তৃপক্ষকে যথাযথ সতর্কতা সহ মার্ক করার আদেশ দেওয়ার অনুমতি দেয় যেখানে এটি কোনো নির্দিষ্ট অবস্থায় ঝুঁকি সৃষ্টি করতে পারে, পণ্যটির থেকে নির্দিষ্ট ব্যক্তি যদি ঝুঁকির মাঝে থাকে তাহলে নির্দিষ্ট সতর্কতা রাখার শর্ত যোগ করার অনুমতি দেয় (যেমন, কমবয়সী শিশু, বৃদ্ধ, ইত্যাদি)।

প্রত্যাহারের নোটিশ

এনফোর্সমেন্ট অথরিটিগুলো একটি প্রত্যাহারের নোটিশ প্রদান করতে পারে স্থায়ীভাবে একজন ব্যক্তিকে একটি পণ্য সরবরাহ করা থেকে বিরত রাখতে যেটি বিপজ্জনক বলে মনে করা হয় যেটি ইতোমধ্যে বাজারে আছে (যদি উৎপাদক ও বিতরণকারী কর্তৃক স্বেচ্ছাপ্রবৃত্ত পদক্ষেপ যথেষ্ট বা সন্তোষজনক না হয়)।

রিকল নোটিশ

যখন এনফোর্সমেন্ট অথরিটির যুক্তিসঙ্গত কারণ থাকবে এটি বিশ্বাস করার যে একটি বিপজ্জনক পণ্য ইতোমধ্যে ভোক্তাদের কাছে পৌঁছে গিয়েছে এবং ঝুঁকিটি দূর করতে যা প্রয়োজনীয় ও যথেষ্ট তা স্বেচ্ছাপ্রবৃত্ত পদক্ষেপ দ্বারা করা যাবে না (অর্থাৎ কর্তৃপক্ষের কাছে থাকা অন্য কোনো উপায় যথেষ্ট হবে না) সেক্ষেত্রে সর্বশেষ উপায় হিসেবে একটি রিকল নোটিশ পাঠানোর ক্ষমতা বিদ্যমান আছে। যে ব্যক্তিকে এটি দেওয়া হবে সেই

ব্যক্তিকে ভোক্তাদের কাছ থেকে পণ্যটি ফিরিয়ে আনতে এমন পদক্ষেপ গ্রহণ করার ব্যবস্থা করতে হবে যেগুলো নোটিশে চিহ্নিত করা হয়েছে।

যেখানে কর্তৃপক্ষ ও উৎপাদকের মধ্যে রিকল প্রয়োজন কি না সে ব্যাপারে মতপার্থক্য হবে, তখন ব্যবসা প্রতিষ্ঠানটি কর্তৃপক্ষকে রিকলের ব্যাপারে ডিপার্টমেন্ট ফর বিজনেস, এনার্জি অ্যান্ড ইন্ডাসট্রিয়াল স্ট্র্যাটেজি কর্তৃক সুনির্দিষ্টভাবে এই উদ্দেশ্যে সংস্থাপিত চার্টার্ড ইন্সটিটিউট অব আরবিট্রেটরস পরিচালিত একটি স্কিমের অধীনে একটি কারণসহ মতামত চাওয়ার শর্ত দিতে পারে। এই স্কিমের খরচটি ব্যবসা প্রতিষ্ঠান বহন করবে যারা এটির জন্য অনুরোধ জানাবে। এনফোর্সমেন্ট কর্তৃপক্ষ একটি রিকল নোটিশ প্রদান করতে হবে কি না সে ব্যাপারে একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে গৃহীত উপদেশ বিবেচনায় নেবে বলে প্রত্যাশিত।

রিকলের ব্যাপারে কোডস অব প্র্যাকটিস আছে, যেটি রিকল পদক্ষেপের ধরণ ও প্রসার নির্ধারণ করতে সাহায্য করতে পারে যেমন [পিএএস ৭১০০: ভোক্তা পণ্য নিরাপত্তা বিষয়ক রিকল ও অন্যান্য সংশোধনমূলক পদক্ষেপের ব্যাপারে কোড অব প্র্যাকটিস](#), যেটি বিএসআই ওয়েবসাইট থেকে বিনামূল্যে [ডাউনলোড](#) করা যাবে। পিএএস ৭১০০ হচ্ছে রিকল ও সংশোধনমূলক পদক্ষেপের ব্যাপারে একটি নির্দেশিকা এবং বিশেষ করে একটি প্রডাক্ট ইনসিডেন্ট প্ল্যান প্রস্তুত করার ব্যাপারে ভালো পরামর্শ প্রদান করে যাতে কোনো ঘটনা ঘটলে আপনার ব্যবসা প্রতিষ্ঠান যেন প্রস্তুত থাকে।

ফরফিট ও ধ্বংস করা

যখন কোনো পণ্য বিপজ্জনক তখন এনফোর্সমেন্ট কর্তৃপক্ষ আদালতের কাছে আবেদন করতে পারেন সেগুলো ফরফিট ও ধ্বংস করার। কিন্তু, ধ্বংস করার বিকল্প হিসেবে আদালত হয়তো, এই শর্তে যে মামলার খরচ ও ব্যায়ের ব্যাপারে যে কোনো আদেশ মান্য করা হয়েছে, পণ্যটি কোনো ব্যক্তির কাছে মেরামত বা রিকন্ডিশন বা স্ক্র্যাপ করার জন্য সরবরাহ করার অনুমতি প্রদান করতে পারেন।

[উপরে ফেরত যান](#)

বিতরণকারীর বাধ্যবাধকতা

ভোক্তা পণ্যের খুচরা ও পাইকারী বিক্রেতাদের ক্ষেত্রে জিপিএসআরের অধীনে ভিন্ন বাধ্যবাধকতা প্রযোজ্য যাদের কর্মকান্ড পণ্যটির নিরাপত্তাকে প্রভাবিত করে না (যাদেরকে রেগুলেশনগুলোতে 'বিতরণকারী [ডিস্ট্রিবিউটার]' হিসেবে উল্লেখ করা হয়েছে)।

আরো তথ্যের জন্য দেখুন '[সাধারণ পণ্য নিরাপত্তা: বিতরণকারী](#)'।

[উপরে ফেরত যান](#)

ট্রেডিং স্ট্যান্ডার্ডস

ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসের কাজের ব্যাপারে আরো তথ্যের জন্য – এবং আইন মান্য না করার সম্ভাব্য পরিণতি সম্পর্কে জানতে – অনুগ্রহ করে দেখুন 'ট্রেডিং স্ট্যান্ডার্ড: ক্ষমতা, প্রয়োজ ও দন্ড'

[উপরে ফেরত যান](#)

গুরুত্বপূর্ণ আইনগুলো

[জেনারেল প্রডাক্ট সেফটি রেগুলেশনস ২০০৫](#)

[রেগুলেশন \(ইসি\) নম্বর ২০১৯ / ৪১৭](#) বস্তু ও মিশ্রণের ক্লাসিফিকেশন, লেবেলিং ও প্যাকেজিং এর উপরে

[টয়েস \(সেফটি\) রেগুলেশন ২০১১](#) ইউরোপিয়ান ইউনিয়নের র‍্যাপিড ইনফরমেশন সিস্টেম “র‍্যাপেক্স” এর ব্যবস্থাপনার ব্যাপারে নির্দেশনা

[প্রডাক্ট সেফটি অ্যান্ড মেট্রোলজি এটসেটরা \(অ্যামেন্ডমেন্ট একসেটরা\) \(ইইউ এক্সিট\) রেগুলেশন ২০১৯](#)

সর্বশেষ পর্যালোচনা / হালনাগাত করা হয়েছে: মে ২০২১

এই হালনাগাদে

‘নির্ধারিত মানদন্ডের’ সংজ্ঞা যোগ করা হয়েছে

অনুগ্রহ করে লক্ষ্য করুন

এখানকার তথ্যগুলো কেবলমাত্র নির্দেশনার জন্য; কেবলমাত্র আদালতইআইনের কর্তৃত্বপূর্ণ ব্যাখ্যা প্রদান করতে পারেন।

গাইডের 'গুরুত্বপূর্ণ আইন' লিংকগুলো আইনের কেবল মূল সংস্করণটিই দেখাতে পারে, যদিও কিছু সংশোধিত আইনও আলাদা করে সংযুক্ত করা আছে যেখানে এটি নির্দেশিকার বিষয়বস্তুর সাথে সরাসরি সম্পর্কিত। আইনের সংশোধনীর ব্যাপারে তথ্য পাওয়া যাবে প্রতিটি লিংকের ‘মোর রিসোর্সেস’ ট্যাবে।